

BNGA (HN)-08

West Bengal State University  
B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015  
PART - III

বাংলা — সাম্মানিক  
অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রত্যেক অংশ পৃথক অনুচ্ছেদে লিখবে।

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) কালিদাস রচিত নাটকগুলির নাম লেখো। সংক্ষেপে সেগুলির পরিচয় দাও। তাদের মধ্যে কোনটিকে শ্রেষ্ঠ বলে মনে কর তা লেখো। ৩ + ১০ + ২
- খ) জয়দেবের 'গীতগোবিন্দম' কাব্যটির পরিচয় দাও। বাংলা সাহিত্যে 'গীতগোবিন্দম'-এর প্রভাব কতখানি তা লেখো। ১০ + ৫
- গ) বাণভট্টের 'কাদম্বরী'র পরিচয় দাও এবং এই গ্রন্থের বিশেষত্ব নির্ধারণ করো। ১০ + ৫
- ২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫  
সংস্কৃত সাহিত্যে কবিতার রচনা, মেঘদূতম, উত্তররামচরিত, মুচ্ছকটিক, ঋতুসংহার, হর্ষচরিত।
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) 'লিটারারি এপিক' রচনায় জন মিলটনের কৃতিত্ব নির্ণয় করো।

SUB-B.A.(HN)-BNGA-12131

[ Turn over

- খ) উনিশ শতকের ইংলণ্ডের সমাজচিত্র বর্ণনায় এবং চরিত্র সৃষ্টিতে চার্লস ডিকেন্সের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। প্রসঙ্গত বাংলা সাহিত্যে তাঁর কোনো প্রভাব আছে কিনা তা দেখাও। ১০ + ৫
- গ) “প্রকৃতির সাধনায় ওয়ার্ডসওয়ার্থ ও রবীন্দ্রনাথ দুজনের কাছেই প্রকৃতি প্রাণময়ী এবং প্রকৃতি ও মানব এক চিরন্তন সত্তার দ্বৈতপ্রকাশ।” — ওয়ার্ডসওয়ার্থের কবি বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে এবং রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর মিল কোথায় তা উল্লেখ করে উদ্ধৃত বক্তব্যের যথার্থতা বিচার করো।
- ৪। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো : ৫
- ক) জন কীটসের “ওড” *জন কীটস*
- খ) প্রমেথিউস আনবাউন্ড *প্রমেথিউস*
- গ) শেক্সপীয়রের সনেট *শেক্সপীয়রের সনেট*
- ঘ) আইড্যানহো *আইড্যানহো*
- ঙ) ম্যান এণ্ড সুপারম্যান *ম্যান এণ্ড সুপারম্যান*
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) আধুনিক হিন্দী সাহিত্যে ‘ভারতেন্দু যুগ’ বলতে কী বোঝো, ভারতেন্দু হরিশচন্দ্রের সাহিত্যকৃতির আলোচনা করে তা ব্যাখ্যা করো।
- খ) ছায়াবাদী সাহিত্য কাকে বলে? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসাবে ‘নিরালী’-র পরিচয় পরিস্ফুট করো। ৩ + ১২
- গ) প্রাবন্ধিক হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিচয় দাও।
- ৬। যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ২ × ৫ = ১০
- গোদান, সদগতি, অনুমিকা, নীহার, জলুস, কায়িকল্প*
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) “কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা; কথা নয় ধ্বনি, রসধ্বনি।” — আলোচনা করো।
- খ) বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে কীভাবে রসনিষ্পত্তি হয় তা বুঝিয়ে দাও।
- গ) ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’ মতটির প্রবক্তা কে? এই মতটির ব্যাখ্যা করে এর গ্রহণযোগ্যতা নির্ণয় করো। ১ + ৭ + ৭

৮। টাকা লেখো (যে কোনো একটি) :

- ক) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ  
খ) সাধারণীকৃতি:  
গ) নবরস।

৯। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

ক) “বস্তুত বহিঃপ্রকৃতি এবং মানবচরিত্র মানুষের হৃদয়ের মধ্যে অনুক্ষণ যে আকার ধারণ করিতেছে, যে সংগীত ধ্বনিত করিয়া তুলিতেছে, ভাষারচিত সেই চিত্র এবং গানই সাহিত্য।” — কীভাবে বাইরের জগৎ হৃদয়ের মধ্যে প্রবেশ করে আর-একটা জগৎ হয়ে উঠেছে এবং কীভাবে তা সাহিত্য হয়ে উঠেছে, রবীন্দ্রনাথের অনুসরণে তার ব্যাখ্যা করো। (NE-১)

খ) “এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আর্শি নহে। কেবল সাহিত্য কেন কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।” — সাহিত্য বা শিল্পে ‘অনুকরণ’ সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য কী তা আলোচনা করে দেখাও। (NE-21)

গ) উদ্ধৃতি দুটির ব্যাখ্যা করো :

$$৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$$

- i) “যথার্থ সৌন্দর্য সমাহিত সাধকের কাছেই প্রত্যক্ষ, লোলুপ ভোগীর কাছে নহে।” (NE-29)  
ii) “সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।” (NE-32)